



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.moef.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে
অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জিয়াউল হাসান এনডিসি
সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
তারিখ : ১২-০৩-২০২০ খ্রিষ্টাব্দ
সময় : বেলা-১০:৩০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি হতে প্রাপ্ত স্মারক নং-জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/১৪৪, তারিখ-২৭ ফেব্রুয়ারি ২০২০ এবং স্মারক নং-জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/২৩০, তারিখ-১০ মার্চ ২০২০ উপস্থাপন করা হয়। উক্ত পত্রদ্বয়ের নির্দেশনার আলোকে আলোচনা অনুষ্ঠিত হয়। এছাড়া মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থা হতে প্রাপ্ত ত্রৈমাসিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। জাতীয় বাস্তবায়ন কমিটির নির্দেশনা ও ত্রৈমাসিক কর্মপরিকল্পনার আলোকে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১। যথাযথ মর্যাদার সাথে আগামী ১৭ মার্চ, ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর সূচনালগ্নে সকল অধিদপ্তর ও সংস্থা অফিসে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। জাতীয় পতাকার সঠিক মাপ, রং ও গুণগত মান নিশ্চিত করার পাশাপাশি এর প্রতি যথাযথ মর্যাদা প্রদর্শন নিশ্চিত করতে হবে।
- ২। মাননীয় মন্ত্রীর সাথে আলোচনাক্রমে ১৭ মার্চ, ২০২০ তারিখের পরে সুবিধাজনক সময়ে মন্ত্রণালয় পর্যায়ে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।
- ৩। মন্ত্রণালয় ও সকল অধিদপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত ড্রপ ডাউন ব্যানারে মন্ত্রণালয়ের ম্যান্ডেট সম্বলিত শ্লোগান ব্যবহারসহ বঙ্গবন্ধুর প্রতি যথাযথ মর্যাদা প্রদর্শন করতে হবে। এ লক্ষ্যে ১৭ মার্চ, ২০২০ তারিখের পূর্বেই যথাযথ প্রস্তুতি গ্রহণ করতে হবে।
- ৪। ১৭ মার্চ, ২০২০ তারিখে বন অধিদপ্তর ও পরিবেশ অধিদপ্তর প্রাঙ্গণে অবস্থিত মসজিদে এবং অন্যান্য দপ্তর/সংস্থার প্রার্থনা কক্ষে বিশেষ আলোচনা, মিলাদ মাহফিল ও মোনাজাতের আয়োজন করতে হবে।
- ৫। এক কোটি বৃক্ষরোপণের লক্ষ্যে প্রত্যেক উপজেলায় চারা উত্তোলন ও বিতরণ পরিকল্পনা প্রণয়ন করতে হবে। যে সকল উপজেলায় নার্সারী নেই সে সকল উপজেলায় নির্ধারিত তারিখের ৫/৭ দিন আগে অন্য উপজেলা হতে চারা সরবরাহ করতে হবে। জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি এবং উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটিকে সম্পূর্ণ করে চারা বিতরণ করতে হবে।
- ৬। এক কোটি বৃক্ষরোপণের লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে মাঠ পর্যায়ে কর্মরত বন অধিদপ্তরের কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের সাথে সরাসরি যোগাযোগ করে বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত থাকবেন।
- ৭। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর বৃক্ষরোপণের কর্মপরিকল্পনা আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।